গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৩নং চন্দনপাট ইউনিয়ন পরিষদ কার্যালয়

রংপুর সদর ,রংপুর।

E-Mail :chandanpatup.rang@gmail.com, Website - http://chandanpatup.rangpur.gov.bd

**নামকরণঃ**

আনুমানিক বার শত বছর পূর্বে পাল বংশ এবং সেন বংশের মধ্যে এই এলাকায় যে যুদ্ধ সংঘঠিত হয়েছিল সেই সময়ে উভয় পক্ষের সৈন্যবাহিনী ছিল তাহারা যে বাহিনি যে এলাকায় অবস্থান নিয়ে যুদ্ধ পরিচালনা করেছিলেন সেই সৈন্য বাহিনির প্রধানের নাম অনুসারে সংশ্লিষ্ট এলাকার নামকরণ করা হয়েছিল। এখানে পাল বংশের সেনাপতির নামানুশারে এই ইউনিয়নের নামকরণ করা হয় চন্দনপাট।

**ভৌগলিক অবস্থানঃ**

রংপুর জেলা শহর থেকে ১২ কিঃ মিঃ দক্ষিন পশ্চিমে চন্দনপাট ইউনিয়ন অবস্থিত । উত্তরে রংপুর সিটি কর্পোরেশন ও রংপুর সদর উপজেলার হরিদেবপুর ইউনিয়ন, দক্ষিণে রংপুর সদর উপজেলার সদ্যপুস্করিনী ইউনিয়ন, পূর্বে রংপুর সিটি কর্পোরেশন এবং পশ্চিমে রংপুর সদর উপজেলার মমিনপুর ইউনিয়ন এবং বদরগঞ্জ উপজেলার গোপালপুর ইউনিয়ন অবস্থিত ।

**প্রাকৃতিক বিবরণীঃ**

ইউনিয়ন এলাকার মাটি প্রধানত বেলে-দোআঁশ প্রকৃতির। ইউনিয়নের পূর্ব পাশ দিয়ে ঘাগট নদী প্রবাহিত। ইউনিয়নে চাপড়ার বিল, লাহিড়ীর পুকুর নামে ২টি বিল আছে। এ অঞ্চলের প্রধান ফসল - ধান, পাট, আলু,ভুট্টা ও আখ।